"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন : (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : ৪৭১১৮৪৪৯

তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২২

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/২০১০/ ১৭৭২

ডিন/পরিচালক/চেয়ারম্যান
সকল ডিন/ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

বিষয় : অধিক সংখ্যক বৃত্তিপ্রার্থী নির্বাচনের সুবিধার্থে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি'র বিষয়ে ছাত্র/ছাত্রী ও গবেষকদের অবহিতকরণ প্রসঙ্গে।

স্মারক নম্বর: ৪৮.০১.০০০০.৪১৫.০০.০০১.২২-৫৮৮২, তারিখ: ১০ আগস্ট, ২০২২।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধার পরিবার ও তাঁদের পোষ্যদের কল্যাণ সাধনকল্পে ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং ৯৪/১৯৭২ বলে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠা করেন। মহান মুক্তিযোদ্ধের চেতনা জাগ্রত রাখার লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক ২০১২ সালে বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/প্রজন্মেদের জন্য বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি চালু করা হয়েছে। এই বৃত্তির আওতায় প্রতি বছর স্নাতক পর্যায়ের ছাত্র/ছাত্রীকে 'সম্মানজনক বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি' প্রদানের কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। স্নাতক হতে মাস্টার্স ডিগ্রি পর্যন্ত সমকালের জন্য (৫ বছরের জন্য) এ বৃত্তি প্রদান করা হয়। এছাড়াও সাধারণ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার সন্তান/প্রজন্মদের (নাতি/নাতনি) বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ওপর গবেষণার জন্য প্রতি বছর ০২ জনকে বৃত্তি প্রদান করা হয়। উল্লেখিত বিষয়াদির প্রেক্ষিতে 'বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি' ও গবেষণার জন্য পিএইচডি বৃত্তি গ্রহণে ইচ্ছুদের আগামী **৩১ অক্টোবর, ২০২২** তারিখ মধ্যে ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, 'স্বাধীনতা ভবন' ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

উপর্যুক্ত বিষয়ে অবহিতকরণের নিমিত্তে শ্রেণিকক্ষে এবং নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সংশ্লিষ্ট ট্রাস্ট হতে প্রেরিত চিঠির কপি।

ধন্যবাদান্তে,

২০/৯/২২
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।
তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২২

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/২০১০/ ১৭৭২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১-০৬. ডিন, সকল অনুষদ, জবি;
০৭-০৮. পরিচালক, আই.ই.আর/আই.এম.এল, জবি;
০৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৫. প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জবি;
৪৬-৪৮. পরিচালক (অর্থ ও হিসাব/পিআরআইপি/ছাত্র কল্যাণ), জবি;
৪৯. পরিচালক, আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি;
৫০. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৫১. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি (*উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি;
৫২. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (*ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি;
৫৩. সংরক্ষণ/অফিস কপি।

20.09.22
(মোসাঃ আশরা-উন-আকতার তুহিন)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা (বৃত্তি)।

ফোন : ০২২২৩৩৮১৮১৩
ই-মেইল: md@bffwt.gov.bd

এস.এম. মাহাবুবুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
'স্বাধীনতা ভবন'
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৮.০১.০০০০.৪১৫.০০.০০১.২২-৫৮৮২

তারিখ: ১০ আগস্ট,২০২২ খ্রি:

বিষয়: অধিক সংখ্যক বৃত্তিপ্রার্থী নির্বাচনের সুবিধার্থে 'বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি'র বিষয়ে ছাত্র/ছাত্রী ও গবেষকদের অবহিতকরণ।

শ্রদ্ধেয় স্যার,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধার পরিবার ও তাঁদের পোষ্যদের কল্যাণ সাধনকল্পে ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং ৯৪/১৯৭২ বলে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠা করেন।

২। মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রত রাখার লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক ২০১২ সালে বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/প্রজন্মদের জন্য বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি চালু করা হয়।

৩। এ বৃত্তির আওতায় প্রতিবছর ৬০০ জন স্নাতক পর্যায়ের ছাত্র/ছাত্রীকে মাসিক ১,০০০/- টাকা (সাধারণ শিক্ষা) ও ১,৫০০/- টাকা (মেডিকেল/ইঞ্জিনিয়ার) 'সম্মানজনক বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি' প্রদানের কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। শিক্ষার্থীরা স্নাতক হতে মাস্টার্স ডিগ্রি পর্যন্ত সময়কালের জন্য (৫ বছরের জন্য) এ বৃত্তি পেয়ে থাকেন।

৪। এছাড়াও বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ওপর গবেষণার জন্য প্রতিবছর ০২ জন গবেষককে মাসিক ২০,০০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হয়। এ বৃত্তি সাধারণ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার সন্তান/প্রজন্মদের (নাতি-নাতনি) প্রদান করা হয়ে থাকে।

৫। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রতি বছর দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়ায় ছাত্রবৃত্তির বিষয়ে বিজ্ঞপ্তি প্রচার করা হলেও শিক্ষার্থীদের নিকট থেকে আশানুরূপ আবেদন পাওয়া যাচ্ছে না।

৬। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে এ পর্যন্ত সাধারণ শিক্ষা ধারার ৪,২৭৮জন এবং ডাক্তার/ইঞ্জিনিয়ারিং এ ৬৬০ জন মোট (৪২৭৮+৬৬০) = ৪,৯৩৮ জন শিক্ষার্থীকে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান করা হয়েছে। এছাড়াও বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ওপর গবেষণার জন্য ০৩ জন গবেষককে পিএইচডি বৃত্তি প্রদান করা হয়েছে। নিম্নে বছর ভিত্তিক বৃত্তি প্রদানের সংখ্যা উল্লেখ করা হলো:

বৃত্তির সন	সাধারণ শিক্ষা ধারা	মেডিকেল/ইঞ্জিনিয়ারিং	প্রাপ্ত আবেদন সংখ্যা	মন্তব্য
২০১৩	৫২০	৭৯	৫৯৯	
২০১৪	৩৪৪	৩৫	৩৭৯	
২০১৫	৬৬৩	৮০	৭৪৩	
২০১৬	৪৮৫	১০২	৫৮৭	
২০১৭	৫০০	৭৫	৫৭৫	
২০১৮	৪৯৩	৮৪	৫৭৭	
২০১৯	৪৬৭	৬৩	৫৩০	
২০২০	৫০৩	৮৮	৫৯১	
২০২১	৩০২	৫৫	৩৫৭	
			৪,৯৩৮	

৭। উল্লেখ্য যে, মহান মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও নতুন প্রজন্মের মধ্যে তা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে এবং অধিক সংখ্যক বৃত্তিপ্রার্থী নির্বাচনের সুবিধার্থে সকল বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/প্রজন্মদের (নাতি-নাতনি) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে "বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি" প্রদানের বিষয়টি ব্যাপকভাবে অবহিত করা প্রয়োজন। 'বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি' জন্য আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর, ২০২২ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত।

৮। বর্ণিতাবস্থায়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বীর মুক্তিযোদ্ধার সন্তান/প্রজন্মদের (নাতি-নাতনি) বিষয়টি অবহিত করার জন্য আপনার সুদৃষ্টি কামনা করছি।

শুভেচ্ছান্তে,

(এস.এম. মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ফোনঃ ০২২২৩৩৮১৮১৩
ই-মেইলঃ md@bffwt.gov.bd

উপাচার্য
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
৯-১০, চিত্তরঞ্জন এভিনিউ, ঢাকা।

অনুলিপি:
১. মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।